

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৭০

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

ٱلْفصلُ التَّنِفْ (بَابُ فَضَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: «إِنَّ اللَّهَ بَعَثَنِي لِتَمَامِ مَكَارِمِ الْأَخْلَاقِ وَعَنْ جَابِرٌ أَنَّ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ قال: «إِنَّ اللَّهَ بَعَثَنِي لِتَمَامِ مَكَارِمِ الْأَخْلَاقِ وَكَمَالِ مِحَاسِنِ الْأَفْعَال» . رَوَاهُ فِي شرح السّنة

اسناده ضعیف ، رواه البغوی فی شرح السنة (13 / 202 ح 3622) * یوسف بن محمد بن المنکدر : ضعیف ولم شاهد عند احمد (2 / 381) :" انما بعثت لاتمم صالح الاخلاق " و صححه الحاکم (2 / 613) و وافقه الذهبی و سنده ضعیف (تقدم فی تخریج : 5096 ـ 5097) ۔

(ضَعِيف)

বাংলা

৫৭৭০-[৩২] জাবির (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: যাবতীয় উত্তম চরিত্র ও উত্তম কার্যাবলি পরিপূর্ণ করার জন্যই আল্লাহ তা'আলা আমাকে পাঠিয়েছেন। (শারহুস্ সুন্নাহ্)

ফুটনোট

যঈফ: শারহুস সুন্নাহ ৩৬২২, য'ঈফাহ্ ২০৮৭, সনদে বর্ণিত ইউসুফ ইবনু মুহাম্মাদ ইবনুল মুনকাদির য'ঈফ; য'ঈফাহ্ ২০৮৭, হিদায়াতুর রুওয়াত ৫/২৬৫, ৫৭০১।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (لَتَمَامِ مَكَارِمِ الْأَخْلُق) আল্লাহ তা'আলা মুহাম্মাদ (সা.) -কে রাসূল বানিয়ে এ উদ্দেশে প্রেরণ করেছেন, যেন তিনি আল্লাহর বান্দাদেরকে বাহ্যিক চরিত্র ও অভ্যন্তরীণ চরিত্রকে পরিবর্তন করে তাদেরকে সুন্দর জীবন্যাপনের ব্যবস্থা গ্রহণ করেন। তাদেরকে সঠিক পথের দিকে দিক-নির্দেশনা দিলে তারা তা সুন্দর ব্যবহারের মাধ্যমে তা গ্রহণ করবে।

(کَمَالِ مَحَاسِنِ الْأَفْعَال) রাসূলুল্লাহ (সা.) -কে প্রেরণ করার আরেকটি উদ্দেশ্য হলো তিনি মানুষদেরকে শিক্ষা দিবেন যে, কিভাবে তারা উত্তমরূপে 'ইবাদত, লেন-দেন করবে।

ইবনুল মালিক (রহিমাহুল্লাহ) বলেছেন, রাসূলুল্লাহ (সা.) -কে পৃথিবীতে প্রেরণ করা হয়েছে বান্দাদেরকে উত্তম চরিত্র সম্পর্কে অবগত করার জন্য এবং তাদের কার্যাবলী সুচারুরূপে পরিপূর্ণ করার জন্য।

রাসূলুল্লাহ (সা.) উত্তম চরিত্রের অধিকারী ছিলেন। এই মর্মে মহান আল্লাহ তা'আলা বলেছেন, وَ اِنَّكَ لَعَلَى خُلُقِ (وَ اِنَّكَ لَعَلَى خُلُقِ "এবং তুমি অবশ্যই মহান চরিত্রের অধিকারী।" (সূরা আল কলাম ৬৮ : 8)

উত্তম চরিত্রের কিছু উদাহরণ উপস্থাপনা করা হলো সততা, ভদ্রতা, নম্রতা, দয়া-দাক্ষিণ্য, বিশ্বস্ততা, দানশীলতা, ক্ষমা করা ইত্যাদি। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85746

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন